উপজেলা পরিষদ
জামালপুর সদর, জামালপুর।
**jamalpursadar.jamalpur.gov.bd**

অক্টোবর, ২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জিন্নাত শহীদ পিংকি |
| পদবী | : | প্রশাসক, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর। |
| সভার তারিখ | : | ২৯ অক্টোবর, ২০২৪খ্রি:। |
| সময় | : | সকাল: ১০.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, জামালপুর সদর, জামালপুর। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো:-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে প্রশাসক হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, কৃষি বিভাগের উদ্যেগে মাস ব্যাপী ইঁদুর নিধন অভিযান চলমান রয়েছে। রবি মৌসুমে ০৮ ধরণের ফসলের প্রণোদনা অগ্রাধিকার তালিকা প্রস্তুতির কাজ চলমান রয়েছে। অতি শ্রীঘ্রই কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হবে। সম্প্রতি অতিবৃষ্টিতে ক্ষতিগ্রস্থ কৃষকদের মাঝে কৃষি পূনর্বাসনের নিমিত্তে তালিকার কাজ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্যদের তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হলো এবং মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যা সমাধানের পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার জামালপুর সদর, জামালপুর। |
| ০২. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, গত ১৩ অক্টোবর, ২০২৪ থেকে ৩ নভেম্বর, ২০২৪খ্রি: পর্যন্ত মোট ২২ দিন মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৪ এর আওতায় বাজার ও আড়ৎ মনিটরিং ও অভিযান পরিচালনা করা হচ্ছে। আগামী ০১ নভেম্বর হতে জাটকা সংরক্ষণ (১০ ইঞ্চির চেয়ে ছোট) কার্যক্রম শুরু হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জামালপুর সদর, জামালপুর। |
| ০৩. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, অক্টোবর/২৪ মাসে তার দপ্তর কর্তৃক গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে ১,৪৫০টি, গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে-৭,৪২৫টি, হাস মুরগী-৩৪,১০০টি এবং চিকিৎসা প্রদান করা হয়েছে গবাদি পশু-৩,৩১০টি, হাঁস মুরগি-৪৬,১১২টি, পোষা প্রাণী-১০টি, ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে-০১টি, এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে-১০টি। এবং দুধ, ডিম ও মাংসের বাজার মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া তার দপ্তরের বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর। |
| ০৪. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, ইপিআই কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া এইচপিভি টিকা কার্যক্রম (২৪/১০/২০২৪খ্রি: থেকে ২৮/১০২০২৪খ্রি:) পর্যন্ত টিকা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল ৫,৩৭২ জন এবং লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে ৪,৯৯৪ জন। লক্ষ্যমাত্রার হার ৯৩%। এছাড়া ০৯টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের সেপ্টেম্বর, ২৪ মাসে আগত সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৮,৮৪১ জন। ৬৩ টি কমিউনিটি ক্লিনিকে সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৩১,১১১ জন, গর্ভকালীন (এএনসি) সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ১,৬৫৩ জন, প্রসব পরবর্তী (পিএনসি) সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৬৯১ জন, ডায়রিয়া রোগীর সংখ্যা ৩৯১ জন এবং এ আর আই রোগীর সংখ্যা ৪২৭ জন। এছাড়া ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তথ্য মোতাবেক ২৮ অক্টোবর,২৪ পর্যন্ত ডেঙ্গু রোগীর সংখ্যা ১৮৯ জন। হাসপাতালে মোট ভর্তি রোগীর সংখ্যা ২৪ জন। এবং গত ২৪ ঘন্টায় ভর্তি রোগীর সংখ্যা-০৮ জন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে স্বশরীরে উপস্থিত থাকার জন্য বলা হলো। এছাড়া স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করণ সহ বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জামালপুর সদর, জামালপুর। |
| ০৫. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর, সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত বাবদ ৫,০৭,৯৭,৮৪৬ (পাঁচ কোটি সাত লক্ষ সাতানব্বই হাজার আটশত ছেচল্লিশ) টাকা উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে। উক্ত টাকার বিপরীতে প্রত্যেক ইউনিয়ন থেকে আগামী ০৭ কর্মদিবসের মধ্যে ২০,০০,০০০ টাকার প্রকল্প প্রস্তুত পূর্বক রেজুলেশনসহ উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে জমা দেওয়ার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের আওতায় রাজস্ব উদ্বৃত্তের অর্থদ্বারা প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে আগামী ০৭ কর্মদিবসের মধ্যে বিভিন্ন ইউনিয়ন থেকে প্রকল্পের নাম জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা প্রকৌশলী জামালপুর সদর, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরের আওতায় রাজস্ব উদ্বৃত্তের অর্থ থেকে বিভিন্ন ইউনিয়নে বসবাসরত শারিরীক প্রতিবন্ধীদের চলাচলের সুবিধার জন্য হুইল চেয়ার ক্রয় বাবদ -২,০০,০০০ টাকা, গ্রামীণ অসচ্ছল কৃষকদের মাঝে কৃষি উপকরণ সরবরাহ বাবদ-২,০০,০০০ টাকা, ডেঙ্গু প্রতিরোধ ও বিভিন্ন ডোবা নালা, খাল পরিষ্কার পরিচ্ছন্ন করার বিভিন্ন উপকরণ ক্রয় বাবদ- ২,০০,০০০ টাকা এবং বিভিন্ন ইউনিয়নের গ্রামীণ অসচ্ছল মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ বাবদ-২,০০,০০০ টাকার প্রকল্প গ্রহণের প্রস্তাব পেশ করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২৫ অর্থ বছরের আওতায় রাজস্ব উদ্বৃত্তের অর্থ থেকে বিভিন্ন ইউনিয়নে বসবাসরত শারিরীক প্রতিবন্ধীদের চলাচলের সুবিধার জন্য হুইল চেয়ার ক্রয় বাবদ-২,০০,০০০ টাকা, গ্রামীণ অসচ্ছল কৃষকদের মাঝে কৃষি উপকরণ সরবরাহ বাবদ- ২,০০,০০০ টাকা, ডেঙ্গু প্রতিরোধ ও বিভিন্ন ডোবা নালা, খাল পরিষ্কার পরিচ্ছন্ন করার বিভিন্ন উপকরণ ক্রয় বাবদ- ২,০০,০০০ টাকা এবং এবং বিভিন্ন ইউনিয়নের গ্রামীণ অসচ্ছল মহিলাদের মাঝে শেলাই মেশিন বিতরণ বাবদ- ২,০০,০০০ টাকার প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | খ) উপজেলা প্রকৌশলী জামালপুর সদর, জামালপুর। |
| ০৬. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, জামালপুর সদর, সভায় বলেন যে, তাঁর দপ্তরের আওতায় অক্টোবর, ২০২৪ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ১,৩৭,৩২০ জন, স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করেছে (মহিলা) ৪১ জন, দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) ২১ জন, দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) ২৬৬ জন, নরমাল ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে ৮৪ জন এবং পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর) ৭৯.২১%। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা জামালপুর সদর, জামালপুর। |
| ০৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরের আওতায় ১ম, ২য় ও ৩য় পর্যায়ের টি.আর কাবিখা ও কাবিটার সকল কাজ শেষ হয়েছে। নতুন ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দ এখন পর্যন্ত পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া গ্রামীণ ব্রিজের কাজ চলমান রয়েছে এবং মনিটরিং জোরদার করা হয়েছে। এবং বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক টি.আর, কাবিখার কাজ শতভাগ বাস্তবায়ন নিশ্চিতসহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর,জামালপুর। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন অত্র বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে তবে কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বিরুদ্ধে অভিযোগ পাওয়া যাচ্ছে যা ম্যানেজিং কমিটির মাধ্যমে আইনগত ভাবে সমাধানের চেষ্টা চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর। |
| ০৯. | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, সভায় বলেন যে, প্রাথমিক পর্যায়ের অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে বিনা মূল্যে বিতরণের জন্য পাঠ্যপুস্তক সংরক্ষনের তেমন ব্যবস্থা নেই, এ বিষয়ে সভাপতি মহোদয়ের সহায়তা কামনা করেন। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জামালপুর সদর, জামালপুর। |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জামালপুর সদর, সভায় অনুপস্থিত। তাছাড়া কোন প্রতিনিধি প্রেরণ করেন নাই। | সভায় নিয়মিত উপস্থিতি থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জামালপুর সদর, জামালপুর। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী, হিজড়া, অনগ্রসর ভাতা ও প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি প্রাপ্তদের ১ম কিস্তির তিন মাসের পে-রোল প্রেরণ করা হয়েছে। পে-রোল প্রেরণের পরবর্তীতে অসাধু হ্যাকারদের প্রতারণার প্রবণতা বৃদ্ধি পায়। তাই সবাইকে ভাতাভোগীদের পিন নম্বর সর্তক রাখার জন্য অনুরোধ করা হয়। এছাড়া ২০২৪-২৫ অর্থবছরে অতিরিক্ত প্রতিবন্ধি ভাতা বরাদ্দ প্রাপ্তির লক্ষে আবেদন গ্রহন করা হচ্ছে। ১৫ অক্টোবর, ২০২৪খ্রি: থেকে ১৪ নভেম্বর, ২০২৪খ্রি: পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। সকল প্রতিবন্ধি ভাতা প্রত্যাশীদের আবেদন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া মৃত ভাতাভোগীদের দ্রুত সময়ের মধ্যে প্রতিস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে ইউনিয়ন কমিটির প্রতিনিধিদের বিশেষভাবে নির্দেশনা প্রদান করেন। এছাড়া ক্যান্সার ও কিডনি রোগীদের চিকিৎসার জন্য আবেদন সাপেক্ষে জেলা সমাজসেবার কার্যালয় থেকে এক কালীন আর্থিক সহযোগীতা মঞ্জুর করা হয়ে থাকে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং পিন নাম্বার সম্পর্কে উপকার ভোগীদের সচেতনতা বৃদ্ধির জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জামালপুর সদর<br>২। চেয়ারম্যান........(সকল) ইউপি, জামালপুর সদর। |
| ১২. | উপজেলা আইসিটি বিভাগ | উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় বলেন যে, উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জামালপুর থেকে উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ করার কঠোর নির্দেশনা প্রদান করা হয়েছে। সেই প্রেক্ষিতে দ্রুত সময়ের মধ্যে ওয়েব পোর্টালটি হালনাগাদ করার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানান। এ বিষয়ে কোন ধরনের সহযোগীতার প্রয়োজন হলে তিনি সার্বিক সহযোগীতার | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা জামালপুর সদর, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আশ্বাস প্রদান করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ১৩. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জামালপুর সদর, জামালপুর সভায় জানান, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে ৩৯০টি সাবমার্সিবল পাম্প বরাদ্দ পাওয়া গেয়েছিল যার মধ্যে ৩৯০টি নলকূপের বোরিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২৯০টি প্লাটফরমের কাজ সম্পন্ন হয়েছে এবং বাকি ১০০টির কাজ চলমান রয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৯৮টি ওয়াশ ব্লকের বরাদ্দ পাওয়া গিয়াছে যার মধ্যে ১২টি ওয়াশ ব্লকের কাজ সম্পন্ন হয়েছে এবং বাকি কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ ও হ্যান্ড ওয়াশ বেসিন এর ২০০টি বরাদ্দ পাওয়া গিয়াছে এবং কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জামালপুর সদর, জামালপুর। |
| ১৪. | বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে জামালপুর জেলার সদর উপজেলা সমূহে বারিড পাইপ লাইনের (ভূ-গর্ভস্থ সেচনালা) মাধ্যমে ৩৫টি গভীর নলকূপ দ্বারা ৯০০ হেক্টর, ০৪ টি এলএলপি দ্বারা ৯০ হেক্টর এবং ২টি সৌর বিদ্যুৎ চালিত ডাগওয়েল দ্বারা সেচ সুবিধা প্রদান করা হচ্ছে। মাঠ পর্যায়ে ২০২৪-২৫ অর্থ বছরে নতুন সেচযন্ত্রের লাইসেন্সের জন্য আগ্রহী কৃষকগণকে অক্টোবর/২৪ তারিখের মধ্যে আবেদন করার অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, সদর, জামালপুর। |
| ১৫. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় জানান যে, তার দপ্তর থেকে চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ২,৮০,০০০ টাকা এবং বর্তমান মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ১,৯৬,৮২৭ টাকা। চলতি অর্থ বছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪২০ জন। নিবন্ধনকৃত যুব সংগঠন রয়েছে ১৫ টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর,জামালপুর। |
| ১৬. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এবং কোন প্রতিনিধিও প্রেরণ করেন নাই। উপস্থিত সকলে তার দপ্তরের কার্যক্রম সর্ম্পকে অসন্তোষ প্রকাশ করেন। | বিস্তারিত আলোচনান্তে পরবর্তী সভাগুলোতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জামালপুর সদর,জামালপুর। |
| ১৭. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লি: এর ২৬৩ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৪,২০,০০,০০০ (চার কোটি বিশ লক্ষ) টাকা এবং আদায় যোগ্য ঋণের পরিমাণ ২,৪০,০০,০০০ (দুই কোটি চল্লিশ লক্ষ) টাকা। ঋণ আদায়ের হার ৪৯%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৬৮,৭৩,০০০ (আটষট্টি লক্ষ তেহাত্তর হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৪৭,৬১,৪৫৭ (সাতষট্টি লক্ষ একষট্টি হাজার চারশত সাতান্ন) টাকা। ঋণ আদায়ের হার ৬৪%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা জামালপুর সদর,জামালপুর। |
| ১৮. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় জানান, সেপ্টেম্বর/২৪ মাসে ঋণ বিতরণ করা হয়েছে ১০.৫০ লক্ষ টাকা এবং আদায় হয়েছে ৪.৫০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১১৫৫.৬৬ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ১০২৩.২১ লক্ষ টাকা। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্থারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকা সহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর। |
| ১৯. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, আনসার ভিডিপি একটি সু-শৃঙ্খল বাহিনী। আনসার ভিডিপি সদস্যগণ প্রায় ৩৪ টি সরকারী বেসরকারী সংস্থায় দায়িত্ব পালন করছে। এছাড়া গত দূর্গা পূজায় তার বাহিনীর সদস্যগণ সঠিক ও সুন্দরভাবে দায়িত্ব পালন করেছে। এছাড়া তার দপ্তরের আওতায় অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম আরো সুন্দর ও সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা আনসারও ভিডিপি কর্মকর্তা জামালপুর সদর, জামালপুর। |
| ২০. | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, জামালপুর সদর, সভায় অনুপস্থিত। তাছাড়া কোন প্রতিনিধি প্রেরণ করেন নাই। | সভায় নিয়মিত উপস্থিতি থাকার জন্য অনুরোধ করা হলো। | ফরেস্টার জামালপুর সদর,জামালপুর। |
| ২১. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), জামালপুর সদর সভায় জানান, ইউজিডিপি প্রকল্পের আওতায় ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের পরামর্শকফার্ম কর্তৃক অডিট কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া বাস্তবায়ন পরবর্তি অবকাঠামো উন্নয়ন প্রকল্পগুলো মনিটরিং কার্যক্রম এবং ১১ নং শাহবাজপুর ইউনিয়ন পরিষদের জন্ম ও মৃত্যু নিবন্ধনের কাজ চলমান রয়েছে। এছাড়া স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক ওয়েব পোর্টাল হালনাগাদ এবং পাঁচ বছর মেয়াদী পঞ্চ বার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) জামালপুর সদর, জামালপুর। |

<table>
<tr><td>২২.</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, জামালপুর সদর, সভায় অনুপস্থিত। তাছাড়া কোন প্রতিনিধি প্রেরণ করেন নাই।</td><td>সভায় নিয়মিত উপস্থিতি থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>জামালপুর সদর, জামালপুর।</td></tr>
<tr><td>২৩.</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জামালপুর সদর, সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে উক্ত শাখার ৫০ লক্ষ টাকা মুনাফার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ১০ লক্ষ টাকা লক্ষ্যমাত্রা পূরণকরা সম্ভব হয়েছে। আশা করা যাচ্ছে অর্থ বছর শেষে ১০০% লক্ষ্যমাত্রা পুরণ করা সম্ভব হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে।</td><td>সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>শাখা ব্যবস্থাপক<br>পল্লী সঞ্চয় ব্যাংক<br>জামালপুর সদর, জামালপুর।</td></tr>
<tr><td>২৪.</td><td>উপজেলা (পিডিবিএফ) বিভাগ।</td><td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, জামালপুর সদর সভায় বলেন যে, তার দপ্তরের আওতায় বর্তমানে মোট সমিতি সংখ্যা-৯৭টি। মোট সদস্য সংখ্যা-৫,২১২ জন। ঋণী সদস্য সংখ্যা-২,৮১২ জন। মোট ঋণ বিতরণ-১০৩.৫০ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার-৯৮%। মোট সঞ্চয় জমা রয়েছে-৮৭৬.৫০ লক্ষ টাকা এবং বর্তমানে মোট খেলাপীর পরিমান-২৫৩.২৫ লক্ষ টাকা। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল।</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা,<br>জামালপুর সদর,জামালপুর।</td></tr>
<tr><td>২৫.</td><td>উপজেলা পাট উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর সভায় বলেন যে, উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় পাটবীজ উৎপাদনকারী চাষীদের মধ্যে ইতোমধ্যে বীজ, সার এবং কীটনাশক বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া তার দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল।</td><td>উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা<br>জামালপুর সদর, জামালপুর।</td></tr>
<tr><td>২৬.</td><td>তথ্য আপা</td><td>উপজেলা তথ্য আপা, জামালপুর সদর সভায় বলেন যে, তার দপ্তরের আওতায় সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে। তাছাড়া কোন প্রতিনিধি প্রেরণ করেন নাই।</td><td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল।</td><td>তথ্য আপা<br>জামালপুর সদর,জামালপুর।</td></tr>
<tr><td>২৭.</td><td>বিবিধ</td><td><u>(ক) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:</u><br><br>সভায় গত ২৬ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি: তারিখ হতে ২৮ অক্টোবর, ২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের নিম্নবর্ণিত খাতসমূহ হতে বিভিন্ন খরচের ব্যয়ের বিষয়ে আলোচনা করা হয়েছে এবং উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন করার জন্য প্রস্তাব পেশ করেন। নিম্নে ব্যয়ের খাত ও টাকার পরিমান সভায় উপস্থাপন করা হলো:-
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>অফিস ও বাসাবাড়ী মেরামত</td><td>১,৫৪,১৯৬</td></tr>
<tr><td>আনসারের বেতন</td><td>৮,৩৩৩</td></tr>
<tr><td>আপ্যায়ন ও অফিস স্টেশনারী</td><td>৪২,৯৮০</td></tr>
<tr><td>মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান</td><td>২৩,১০০</td></tr>
<tr><td>বিদ্যুৎ বিল পরিশোধ</td><td>২০,০০০</td></tr>
<tr><td>অপ্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান</td><td>২০,০০০</td></tr>
<tr><td>বর্জ্য ব্যবস্থাপনা</td><td>২০,০০০</td></tr>
<tr><td>অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত</td><td>৪১,৭৯৯</td></tr>
<tr><td>মসক নিধন</td><td>২০,০০০</td></tr>
<tr><td>প্রকাশনা খাতে খরচ</td><td>১৬,২৫০</td></tr>
<tr><td>জীপগাড়ী মেরামত</td><td>৪৯,৬৫০</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৪,১৬,৩০৮</td></tr>
</table>
কথায় : (চার লক্ষ ষোল হাজার তিনশত আট) টাকা মাত্র।<br>এমতাবস্থায়, উল্লিখিত বিবরণ মোতাবেক খাতওয়ারী ব্যয়িত টাকা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন করা যেতে পারে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ খাতের অনুচ্ছেদ নং ৩ এর-ক, অপ্রত্যাশিত খাতের অনুচ্ছেদ নং-ঘ, বর্জ্য ব্যবস্থাপনা খাতের অনুচ্ছেদ নং-ভ, আনসার নিরাপত্তা খাতের অনুচ্ছেদ নং-ম, আপ্যায়ন ও অফিস ষ্টেশনারী অনুচ্ছেদ নং-জ, ঋ এবং পানির পাম্প মেরামত খাতের অনুচ্ছেদ নং-ট, মসক নিধন খাতের অনুচ্ছেদ নং-ফ তাছাড়া অন্যান্য খাতসমূহ যথাযথভাবে অনুসরণপুর্বক খাতওয়ারী ৪,১৬,৩০৮ (চার লক্ষ ষোল হাজার তিনশত আট) টাকা ব্যয় পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>জামালপুর সদর, জামালপুর।</td></tr>
</table>

জামালপুর সদর উপজেলা বিনপির সাধারণ সম্পাদক জনাব মো: রুহুল আমিন মিলন তার বক্তব্যে বলেন যে, জামালপুর সদর উপজেলার উন্নয়নের স্বার্থে শুধু বালু উত্তোলন নয় যে কোন ধরনের অনিয়ম পরিলক্ষিত হলে প্রশাসনকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানান এবং প্রশাসনকে সর্বোর্চ সহযোগীতার আশ্বাস প্রদান করেন। এছাড়া ১লা নভেম্বর, ২০২৪ গবাখালী খাল পরিষ্কার করার জন্য লোকবল সরাবরাহ করার ইচ্ছা পোষন করেন।

জামালপুর সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান, জনাব কাজী মো: মসিউর রহমান তার বক্তব্যে বলেন যে, জামালপুর থেকে ময়মনসিংহ রেল লাইন এর গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে উত্তর ও দক্ষিণ দিকে খুটি স্থাপন করায় গ্রামের মানুষের ফসলাদি ও মৎস্য খামারীদের খুব সমস্যা হচ্ছে। জরুরী ভিত্তিতে খুটিগুলো অপসারণ করে যুক্তিযুক্ত জায়গায় স্থাপন করার জন্য রেল কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া নরুন্দি ও তুলশীরচর ইউনিয়নের সংযোগ স্থাপনকারী ব্রক্ষপুত্র নদ এর উপর নির্মাণাধীন ব্রীজের কাজটি দ্রুত শেষ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। এবং নরুন্দি আইসি কেন্দ্রটিকে পূর্ণাঙ্গ থানা হিসাবে ঘোষনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানান।

অত:পর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

(জিন্নাত শহীদ পিংকি)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নম্বর ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd

স্মারকনং-০৫.৪৫.৩৯৩৬.০০২.০৬.০০১.২৪- ১৩২৭
:

তারিখ: ১৩ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৪ খ্রি:।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

১। উপজেলা..............................................................................অফিসার, জামালপুর সদর, জামালপুর।
২। চেয়ারম্যান..........................................................................ইউনিয়ন পরিষদ (সকল), জামালপুর সদর, জামালপুর।
৩। জনাব.................................................................................সদস্য, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৪। জনাব ...........................................................................................................................................

উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, জামালপুর সদর
জামালপুর।

স্মারকনং-০৫.৪৫.৩৯৩৬.০০২.০৬.০০১.২৪- ১৩২৭

তারিখ: ১৩ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৪ খ্রি:।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৫। মেয়র/প্রশাসক, জামালপুর পৌরসভা, জামালপুর।
৬। অফিস কপি।